রাবার কাঠ শক্ত টেকসই ও উন্নতমানের। আপনিও রাবার কাঠ ব্যবহার করুন।

শেখ হাসিনার নির্দেশ জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ

# বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন

**Bangladesh Forest Industries Development Corporation**

বনশিল্প ভবন

৭৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।

(www.bfidc.gov.bd).

স্মারক নং- সদ/সং/১৬-৪৭০(১)/২০১৮/১৬৮ তারিখঃ ২৬ মাঘ ১৪২৪ / ০৮ ফেব্রুয়ারি ২০১৮

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের সদর দপ্তরসহ মাঠ পর্যায়ের বিভিন্ন জোন দপ্তর, শিল্প ইউনিট ও রাবার বাগানসমূহে নিম্নবর্ণিত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত বিবরণে ও শর্তে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাইতেছে ঃ

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতনস্কেল-২০১৫) | পদের সংখ্যা | যোগ্যতা |
|---|---|---|---|
| ১। | সহকারী মাঠ তত্ত্বাবধায়ক ১১৩০০-২৭৩০০/- | ৩৭ | ২য় বিভাগে বি,এস,সি/বি-এজি ডিগ্রী। |
| ২। | নিম্ন বিভাগীয় সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ৯৩০০-২২৪৯০/- | ৩৮ | ন্যূনতম এইচ,এস,সি। কম্পিউটারে Word Processing/Data Entry ও Typing-এ প্রতি মিনিটে ইংরেজি ও বাংলায় যথাক্রমে সর্বনিম্ন ৩০ ও ২০ শব্দের গতি সম্পন্ন হইতে হইবে। অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৩। | নিম্ন বিভাগীয় সহকারী (হিসাব) কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ৯৩০০-২২৪৯০/- | ০৯ | ন্যূনতম এইচএসসি (বাণিজ্য)। কম্পিউটারে Word Processing/Data Entry ও Typing-এ প্রতি মিনিটে ইংরেজি ও বাংলায় যথাক্রমে সর্বনিম্ন ৩০ ও ২০ শব্দের গতি সম্পন্ন হইতে হইবে। অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| | মোট = | ৮৪ | |

শর্তাবলী ঃ

০১। এতদসংক্রান্ত নির্ধারিত আবেদন ফরমে প্রার্থীর স্বাক্ষরযুক্ত দরখাস্ত সচিব, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন, বনশিল্প ভবন, ৭৩ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০ বরাবরে আগামী ২২-০৩-২০১৮ তারিখের মধ্যে ডাকযোগে অফিস চলাকালীন সময়ে পৌঁছাইতে হইবে । নির্ধারিত সময়সীমার পর প্রাপ্ত দরখাস্ত বাতিল বলিয়া গণ্য হইবে। সরাসরি কোন দরখাস্ত গ্রহণ করা হইবে না।

০২। আবেদনপত্রে প্রার্থীর পূর্ণ জীবন বৃত্তান্ত (ক) প্রার্থীর নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) ২২-০৩-২০১৮ তারিখে প্রার্থীর বয়স (জ) জাতীয়তা (ঝ) লিঙ্গ (ঞ) ধর্ম (ট) বিশেষ কোটা (যদি থাকে) (ঠ) অভিজ্ঞতা (যদি থাকে) (ড) শিক্ষাগত যোগ্যতা (ঢ) যোগাযোগ (ণ) চাকুরীরত প্রার্থী হলে নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা (ত) সংযুক্ত ডিডি/পে-অর্ডার নম্বর (থ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন নম্বর উল্লেখপূর্বক বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের ওয়েবসাইড (www.bfidc.gov.bd) হতে প্রাপ্ত নির্ধারিত আবেদনপত্রের ছক ডাউনলোড করে আবেদন করিতে হইবে।

০৩। প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রসহ সত্যায়িত সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ৪(চার) কপি ও স্ট্যাম্প সাইজের ০২(দুই) কপি ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয়পত্র, অভিজ্ঞতা সনদ (যদি থাকে), ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র দরখাস্তের সহিত দাখিল করিতে হইবে।

০৪। উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত উপজাতীয় পরিচয় বিষয়ক প্রত্যয়নপত্রের সত্যায়িত অনুলিপি (সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত) দরখাস্তের সহিত দাখিল করিতে হইবে।

০৫। ২২-০৩-২০১৮ তারিখে প্রার্থীর বয়স ১৮ থেকে ৩০ বৎসরের মধ্যে হইতে হইবে। তবে প্রতিবন্ধী/ মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তানদের ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের নাতী-নাতনীদের বয়সের উর্দ্ধসীমা ৩০ বৎসর। বয়স নিরূপণের ক্ষেত্রে অ্যাফিডেভিট কোন ক্রমেই গ্রহণযোগ্য হইবে না।

০৬। (ক) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/নাতী-নাতনী হিসাবে চাকুরী প্রার্থীকে আবেদনপত্রের সহিত মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা, মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল সনদপত্রের সত্যায়িত কপি অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব কর্তৃক স্বাক্ষরিত এবং মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদপত্রের ছায়ালিপি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে। এরুপ সনদপত্র ব্যতীত অন্য কোন সনদপত্র মুক্তিযোদ্ধা সনদপত্র হিসাবে গ্রহণযোগ্য হইবে না।

(খ) প্রার্থীর সহিত মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত ১(এক) কপি প্রত্যয়নপত্র দাখিল করিতে হইবে।

০৭। সরকারী, আধা সরকারী বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।

০৮। দরখাস্তের সহিত সচিব, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন, বনশিল্প ভবন, ৭৩ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০ এর অনুকূলে ৩০০/-(তিনশত) টাকা মূল্যমানের অফেরতযোগ্য জনতা ব্যাংক লিমিটেড আরামবাগ কর্পোরেট শাখা, ঢাকার অনুকূলে যে কোন সিডিউল ব্যাংক হইতে ডিডি/পে-অর্ডার দরখাস্তের সহিত সংযুক্ত করিতে হইবে।

০৯। প্রার্থীর পত্র যোগাযোগের ঠিকানাসহ ১০.০০(দশ) টাকার অব্যবহৃত ডাক টিকেট সম্বলিত ৯"x ৪" সাইজের একটি খাম দরখাস্তের সহিত সংযুক্ত করিতে হইবে।

১০। নিয়োগের ক্ষেত্রে সরকারী নীতিমালা ও বশিউক, কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৮৯ অনুসৃত হইবে এবং সরকারী বিধি মোতাবেক কোটা সংরক্ষিত হইবে।

১১। নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণকে বশিউক, কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৮৯ এর বিধি অনুযায়ী কমপক্ষে ৬(ছয়) মাস শিক্ষানবিস থাকিতে হইবে।

১২। **খামের উপর স্পষ্ট অক্ষরে পদের নাম ও আবেদনকারীর নিজ জেলার নাম উল্লেখ করিতে হইবে।**

১৩। অসম্পূর্ণ, ভুল/মিথ্যা তথ্যপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

১৪। প্রার্থী কর্তৃক দাখিলকৃত/প্রদত্ত কোন তথ্য বা কাগজ পত্র নিয়োগ কার্যক্রম চলাকালে বা যে কোন পর্যায়ে বা নিয়োগ প্রাপ্তির পরেও অসত্য/ভুয়া প্রমাণিত হইলে তাঁহার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ বাতিল করা হইবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে।

১৫। লিখিত পরীক্ষা,মৌখিক সাক্ষাৎকার ও ব্যবহারিক পরীক্ষায়(প্রযোজ্যক্ষেত্রে) অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেওয়া হইবে না।

১৬। এতদসঙ্গে বর্ণিত শূন্য পদের সংখ্যা কম/বেশী হইতে পারে।

১৭। কর্তৃপক্ষ প্রয়োজনে উক্ত নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বাতিল করিবার অধিকার সংরক্ষণ করে।

১৮। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

৮/২/২০১৮

(মোঃ গিয়াস উদ্দিন মোগল)
সচিব
বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন
৭৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

# আবেদনপত্রের ছক

পদের নাম ঃ ----------------------------------- নিজ জেলা ঃ -------------------------

বরাবর

সচিব
বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন
৭৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা
বনশিল্প ভবন
ঢাকা-১০০০।

বিষয় ঃ ---------------------------------------------------------------------------------- পদে নিয়োগের জন্য আবেদন।

(ক) প্রার্থীর নাম (বাংলায়) ঃ
(ইংরেজীতে) ঃ
(খ) পিতা/স্বামীর নাম ঃ
(গ) মাতার নাম ঃ
(ঘ) স্থায়ী ঠিকানা ঃ
(ঙ) বর্তমান ঠিকানা ঃ
(চ) জন্ম তারিখ ঃ
(এসএসসি বা সমমান পরীক্ষার সনদ অনুযায়ী)
(ছ) বয়স (২২-০৩-২০১৮ তারিখে )ঃ --------- বৎসর-------- মাস --------দিন
(জ) জাতীয়তা ঃ
(ঝ) লিঙ্গ ঃ
(ঞ) ধর্ম ঃ
(ট) বিশেষ কোটা (যদি থাকে) ঃ
(ঠ) অভিজ্ঞতা (যদি থাকে) ঃ
(ড) শিক্ষাগত যোগ্যতা ঃ

| পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | পরীক্ষার সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | বিভাগ/শ্রেণী/জিপিএ |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

(ঢ) যোগাযোগ ঃ মোবাইল/টেলিফোন : ই-মেইল (যদি থাকে) :

(ণ) চাকুরীরত প্রার্থী হলে নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা ঃ----------------------------------------------------------------

(ত) সংযুক্ত ডিডি/পে-অর্ডার অর্ডার নম্বর ঃ ---------------------তারিখ ---------------------- ব্যাংকের নাম-----------------------

শাখা------------------------- টাকার পরিমাণ (অংকে) -----------কথায় ---------------------------

(থ) জাতীয় পরিচয়পত্র নম্বর/জন্ম নিবন্ধন নম্বর ঃ -----------------------------------------------------------------------------

প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি মোতাবেক তথ্য ও প্রমাণাদির ফটোকপি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) আবেদনপত্রের সাথে সংযুক্ত করা হলো।

সংযুক্তি ঃ মোট ------------------------ পাতা আবেদনকারীর স্বাক্ষর ঃ --------------------------------

আবেদনের তারিখ ঃ------------------------- পূর্ণনাম ঃ --------------------------------